

📖 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৯৬১

৫০/ কুরআন তাফসীর (كتاب تفسير القرآن عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ সূরা আল-বাকার

بَابُ: وَمِنْ سُورَةِ الْبَقَرَةِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مَنِيعٍ، حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ، حَدَّثَنَا الْأَعْمَشُ، عَنْ أَبِي صَالِحٍ، عَنْ أَبِي سَعِيدٍ، عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي قَوْلِهِ : (كَذَلِكَ جَعَلْنَاكُمْ أُمَّةً وَسَطًا) قَالَ " عَدْلًا " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ .

حَدَّثَنَا عَبْدُ بْنُ حُمَيْدٍ، أَخْبَرَنَا جَعْفَرُ بْنُ عَوْنٍ، أَخْبَرَنَا الْأَعْمَشُ، عَنْ أَبِي صَالِحٍ، عَنْ أَبِي سَعِيدٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " يُدْعَى نُوحٌ فَيُقَالُ هَلْ بَلَغْتَ فَيَقُولُ نَعَمْ . فَيُدْعَى قَوْمُهُ فَيُقَالُ هَلْ بَلَغَكُمْ فَيَقُولُونَ مَا أَتَانَا مِنْ نَذِيرٍ وَمَا أَتَانَا مِنْ أَحَدٍ . فَيَقُولُ مَنْ شُهُودُكَ فَيَقُولُ مُحَمَّدٌ وَأُمَّتُهُ . قَالَ فَيُؤْتَى بِكُمْ تَشْهَدُونَ أَنَّهُ قَدْ بَلَغَ فَذَلِكَ قَوْلُ اللَّهِ : (وَكَذَلِكَ جَعَلْنَاكُمْ أُمَّةً وَسَطًا لِتَكُونُوا شُهَدَاءَ عَلَى النَّاسِ وَيَكُونَ الرَّسُولُ عَلَيْكُمْ شَهِيدًا) وَالْوَسْطُ الْعَدْلُ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ .

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا جَعْفَرُ بْنُ عَوْنٍ، عَنْ الْأَعْمَشِ، نَحْوَهُ .

বাংলা

২৯৬১. আহমদ ইবন মানী' (রহঃ) আবু সাঈদ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিতঃ □ كَذَلِكَ جَعَلْنَاكُمْ أُمَّةً (তোমাদেরকে 'উম্মাত ওয়াসাত' হিসাবে বানিয়েছি) (২ঃ ১৪৩) সম্পর্কে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ عَدْلًا বা ন্যায্যনিষ্ঠ।

সহীহ, বুখারি ৪৪৮৭, মুসলিম।

হাদীসটি হাসান-সহীহ।

আবদ ইবন হুমায়দ (রহঃ) ... আবু সাঈদ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ (কিয়ামতের দিন) নূহ (আঃ)-কে ডাকা হবে এবং জিজ্ঞাসা করা হবে, আপনি কি (আপনি কি আপনার কওমকে আল্লাহর বাণী) পৌঁছিয়েছিলেন? তিনি বলবেনঃ হ্যাঁ। এরপর তাঁর কওমকে ডাকা হবে। জিজ্ঞাসা করা হবে তোমাদের নিকট কি (আমার হুকুম-আহকাম) পৌঁছান হয়েছিল? তারা বলবেঃ আমাদের কাছে তো কোন সতর্ককারী আসেনি। কেউই তো আমাদের কাছে আসে নেই।

(নূহ (আঃ)-কে) বলা হবেঃ তোমার সাক্ষী কে?

তিনি বলবেনঃ মুহাম্মাদ ও তাঁর উম্মত।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, তখন তোমাদেরকে আনা হবে। তোমরা সাক্ষ্য দিবে যে, তিনি (নূহ) অবশ্যই তা পৌঁছিয়েছেন। এই হল আল্লাহ তা'আলার এই বাণীর তাৎপর্যঃ

وَكَذَلِكَ جَعَلْنَاكُمْ أُمَّةً وَسَطًا لِتَكُونُوا شُهَدَاءَ عَلَى النَّاسِ وَيَكُونَ الرَّسُولُ عَلَيْكُمْ شَهِيدًا

এইভাবে তোমাদের আমি ন্যায়নিষ্ঠ উম্মত হিসাবে বানিয়েছি যেন তোমরা লোকদের জন্য সাক্ষী হও আর রাসূল হবেন তোমাদের সাক্ষী। (২ঃ ১৪৫)। বুখারি ৪৪৮৭

الْعَدْلُ - ন্যায়নিষ্ঠ।

(আবু ইসা বলেন) হাদীসটি হাসান-সহীহ। মুহাম্মাদ ইবন বাশশার (রহঃ) ... আ'মাশ (রহঃ) থেকে অনূরূপ বর্ণিত আছে।

তিরমিজী হাদিস নম্বরঃ ২৯৬১ [আল মাদানী প্রকাশনী]

English

Narrated Abu Sa'eed:

that about Allah's saying: Thus we have made you a Wasata nation (2:143) - the Prophet (ﷺ) said: "The meaning of Wasata is just."

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবু সাঈদ খুদরী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=38313>

📖 হাদিসবিডি প্রজেক্টে অনুদান দিন